

রংপুর রোকেয়া বিশ্ববিদ্যালয়  
বেতন-ভার্তা পেলেন ৩৩৬ শিক্ষক কর্মকর্তা  
কর্মচারী, তবু কর্মবিরতি চলবেই

■ রংপুর প্রতিনিধি

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারী একাধিকবারের ব্যানারে অনিদিষ্টকালের কর্মবিরতি অব্যাহত রয়েছে। গতকাল মঙ্গলবার তারা কর্মবিরতি পালনকালে ৩শ' ৩৮ জন কর্মকর্তা-কর্মচারীর চাকরি স্থায়ী না করা পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবে বলে ঘোষণা দেন। আজ বুধবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সর্বাত্মক কর্মবিরতি ও বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়েছে বলে মুক্তিযুদ্ধের চেতনায় প্রগতিশীল শিক্ষক কর্মকর্তা-কর্মচারী একাধিকবারের মুখোপাচার ও বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রকৌশলী জাহাঙ্গীর আলম জানিয়েছেন। তিনি আরও জানান, আজকের বিক্ষোভ সমাবেশে নতুন আন্দোলন কর্মসূচি ঘোষণা হবে। তিনি জানান, উপাচার্য তাদেরকে জানিয়েছেন খোক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এবং মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান দেশের বাইরে থাকায় আপাতত কোন সিদ্ধান্ত নেয়া সম্ভব হচ্ছে না বলে উপাচার্য তাদেরকে জানিয়েছেন। এদিকে অকস্মেৎ গতকাল দুপুরে রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইউজিসি অনুমোদিত ৩শ' ৩৬ শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীরা ষ্ট্রাইক বোনাসসহ ২ মাসের বেতন-ভাতা পেয়েছেন।